



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

Website: ttc.khulna.gov.bd

Email: ttckhul@yahoo.com

তারিখ: ০১/০১/২০২০

অভ্যন্তরীণ ইন-কোর্সের ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনার বিএড, বিএড (অনার্স) ও এমএড সকল বর্ষের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব স্ব কোর্সের নির্ধারিত বিষয়ের অভ্যন্তরীণ ইন-কোর্স পরীক্ষা, টিচিং প্রাকটিস (বিএড-১বছর মেয়াদী ও বিএড-অনার্স ৪র্থ বর্ষ ৭ম সেমিস্টারের ক্ষেত্রে), এসাইনমেন্ট, উপস্থিতি এবং সহ-পাঠ্যক্রমিক কর্মকান্ডে অংশগ্রহণ ও সদাচারণের ভিত্তিতে নম্বর প্রদান করা হয়। উক্ত সকল কোর্সসমূহ অত্র কলেজের দক্ষ শিক্ষকদের দ্বারা নির্দিষ্ট মানদণ্ডে মূল্যায়ন করা হয়। কোর্সসমূহ নিবিড়ভাবে শিক্ষার্থীদের সাথে সম্পৃক্ত থেকে শিক্ষকগণ মূল্যায়ন করেন। তাই প্রত্যেক শিক্ষার্থী বিষয়সমূহের নম্বর প্রতি সেমিস্টার শেষে অবহিত হন, যদি কোনো শিক্ষার্থী অকৃতকার্য হন তবে সে সেমিস্টার ভিত্তিক জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় অবতীর্ণ হতে ফরম ফিলাপের সুযোগ পাবেন না। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের রেগুলেশন অনুসারে কোনো শিক্ষার্থীর শতকরা ৭৫ ভাগ হাজিরা না থাকলে অধ্যক্ষ সেই শিক্ষার্থীর ফরম ফিলাপের নিশ্চায়ন করবেন না।

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)

অধ্যক্ষ

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

সেল: ০১৭১৬ ৭৩১০৪৭

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ
- ৩। ttc.khulna.gov.bd ওয়েবসাইট পরীক্ষার ফলাফল সেবাবক্সে এবং নোটিশে প্রচারিত
- ৪। কলেজ নোটিশ বোর্ড
- ৩। অফিস কপি